R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২

রিপ্রোডাকশন সিন্ডিকেট

৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক

স্পেশাল লাড্ডু

ও

শ্লাইজ ব্রেডের

জনপ্রিয় প্রতিষ্ঠান

সতীমা বেকারী

মিঞাপুর

পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৩তম বর্ষ. ১৫শ সংখ্যা। রঘুনাথগঞ্জ ১৭ই ভাদ্র বুধবার, ১৩৯৩ সাল। ৩রা সেপ্টেম্বর, ১৯৮৬ সাল। নগদ মূল্য : ৩০ পয়সা বার্ষিক ১৫্ টাকা

## সরকারী গাফিলতিতে হাজার বিঘে কৃষি জমি জলের তলায়

বিশেষ প্রতিবেদক : আহিরণের কাছে ৩৪নং জাতীয় সড়কের দু'দিকে প্রায় হাজার বিঘা কৃষি জমি দীর্ঘ কয়েক বছর থেকে ডুবে রয়েছে ফরাক্কার ফিডার ক্যানেলের জলের তলায়। এই জমিগুলো গত ১৫ বছর আগেও সবুজ ধান ও গমের গাছে আলো হয়ে থাকতো। উৎপন্ন হতো অপরিযাপ্ত ফসল। চাষীর মুখে ফুটতো হাসি। জঙ্গিপুরের মানুষের খাদ্যের চাহিদা মিটিয়েও চালান যেতো বাইরে। কিন্তু ফিডার ক্যানেলের লকগেট ত্রুটি তৈরী না হওয়ায় জলের তোড়ে ডুবে গেল সব জমি। চাষীর কপাল ভাঙলো। জঙ্গিপুরের খাদ্যের চাহিদা অপূরণ রইলো। যে মহকুমা অন্যকে উদ্বৃত্ত ফসল দিয়ে সাহায্য করতো সেই মহকুমার মানুষ অপরের উপর নির্ভরশীল হয়ে পড়লো। জমির মালিকেরা কপাল চাপড়ে হাহুতাশ করে ধীরে ধীরে সম্পন্ন গৃহস্থ থেকে ভিখারী বনলো। এরপর প্রতি নির্বাচনেই একবার করে প্রতিশ্রুতি ভেসে আসে লকগেট চালু করে জমা জল বের করে দেওয়ার। জমা জল বের হয়ে গেলে ডোবা জমি উদ্ধার হতো। আবার সোনার ফসলে ভর উঠতো জমির বুক। কিন্তু পনের বছর গত হলো "কাকস্য পরিবেদনা।" ব্যারেজ কর্তৃপক্ষ নির্বিকার। সরকারী ব্যবস্থার কথাও শোনা যাচ্ছে না। কি কেন্দ্রীয় কি রাজ্য কোন সরকারেরই জরুরী তৎপরতা নজরে পড়ছে না। ব্যারেজ কর্তৃপক্ষ, জে এল আর ও, বি ডি ও বা অঞ্চল প্রতিনিধিদের কাছে জমির মালিকরা ডেপুটেশন, স্মারকলিপি, মিছিল বিভিন্ন আবেদন নিবেদন করেও কোন ফল পাননি। তাঁদের ঘুম (শেষ পৃষ্ঠায়)

## ৩ লক্ষ টাকা আত্মসাতের দায়ে প্রধান শিক্ষক হাজতে, শিক্ষক মহল স্তম্ভিত

অরঙ্গাবাদ : গত ২৫ আগষ্ট ছাবঘাটী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সমরেশ সেনকে স্কুলের অর্থ আত্মসাতের অভিযোগে জঙ্গিপুর কোর্টে হাজির করা হয়। জামিনের আবেদন করলে বিচারক তা নাকচ করে তাঁকে জেল হাজতে রাখার নির্দেশ দেন। পরবর্ত্তী শুনানীতে ২৯ আগষ্ট কয়েকটি সর্তে তাঁর জামিন মঞ্জুর হয়। সর্তগুলি হলো—সপ্তাহে দু'দিন কোর্টে হাজিরা দিতে হবে ও তিনি মহকুমার বাইরে কোথাও বিনা অনুমতিতে যেতে পারবেন না।

ঘটনার বিবরণে প্রকাশ, গত ২৩ আগষ্ট স্কুল ম্যানেজিং কমিটির সভায় প্রধান শিক্ষককে প্রভিডেণ্ট সংক্রান্ত ব্যাঙ্কের পাশবুক দাখিল করতে বললে দেখা যায় পাশ বুকে আগের সেই ১৪ হাজার টাকাই জমা আছে। কিন্তু হিসাব মাফিক ২ লক্ষ ৯০ হাজার টাকা জমা থাকার কথা। সম্পাদক দিলীপ দাস স্কুলের সুনাম ও শিক্ষকদের অসুবিধার কথা চিন্তা করে আপাততঃ ৫০ হাজার টাকা ঋণ দিতে ইচ্ছা প্রকাশ করেন। ঐ টাকা দিয়ে শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড থেকে অগ্রিম চাওয়া দরখাস্তগুলো মিটিয়ে দিতে বলেন এবং প্রধান শিক্ষককে কয়েক মাস সময় নিয়ে আত্মসাৎ করা টাকা স্কুল পাশ বুকে জমা দিতে অনুরোধ জানান। কিন্তু প্রধান শিক্ষক তাতে সম্মত না হওয়ায় (শেষ পৃষ্ঠায়)

## জঙ্গিপুরের বন্যা চিত্র

বিশেষ প্রতিবেদন : এ বৎসর রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বন্যাচিত্র যেটুকু সংগ্রহ করা গেছে ব্লক অফিস থেকে তাতে এ বন্যার ভয়াবহতা সহজেই অনুমান করা যায়। ভয়াবহতার তুলনায় ত্রাণকার্য অতি তুচ্ছ বলে মিঠিপুর, সেকন্দরা, পানানগর, বড়শিমুল, কাঁটাখালি প্রভৃতি এলাকার ক্ষতিগ্রস্ত মানুষরা জানান, এবারে বন্যায় জঙ্গিপুর ২নং ব্লকের সাতটি অঞ্চলের ৩৩টি গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে। মোট আবাদী জমি ১৭০০ হেক্টরের মত ক্ষতিগ্রস্ত হয়েছে। ফসলের ক্ষতি হয়েছে আউস ১৯০ হেক্টর, পাট ৫০ হেক্টর ও অন্যান্য ফসল ৪৩ হেক্টর। ক্ষতির পরিমাণ অর্থমূল্যে প্রায় ৩ লক্ষ ৫০ হাজার টাকা। প্রায় ৩৫ হাজার মানুষ এই বন্যায় ঘরবাড়ী, গৃহপালিত পশু ও চাষের ফসল হারিয়ে সর্বস্বান্ত হয়ে রাস্তার ধারে আশ্রয় নিয়েছেন। এঁদের জন্য ত্রাণ ব্যবস্থা কিছুই করা হয়নি বলে বন্যা কবলিত মানুষেরা অভিযোগ করেন।

## দুই ট্রেড ইউনিয়নের সংঘর্ষে এম এল এ জড়িত

ফরাক্কা : গত ২৬ আগষ্ট নবারুণ টেম্পোরারী টাউন শিপে আই এন টি ইউ সি-র অফিসে সভা চলাকালীন স্থানীয় এম এল এ আবুল হাসনাতের পরিচালনায় সিটুর প্রায় ২৫০ জনের একটি দল অফিসে চড়াও হয় ও অফিসের আসবাবপত্র ভাঙচুর করে বলে অভিযোগ। আরও অভিযোগ, পুলিশ কিন্তু এই ঘটনায় আই এন টি ইউ সির ৩৭ জনকে গ্রেপ্তার করে। পরে ৩১ জনকে ছেড়ে দেওয়া হয়। পরবর্ত্তীতে আই এন টি ইউ সির লিখিত অভিযোগে সিটুর (শেষ পৃষ্ঠায়)

১৯৮৬ সালের নতুন চা—গৌহাটী, শিলিগুড়ি ও কলকাতার বাজার দরের সাথে সমতা রক্ষা করে চা ভাণ্ডারে পাওয়া যাচ্ছে "পাইকারী চা"। বেকার ও নতুন ব্যবসায়ীদের জন্য বিশেষ ব্যবস্থা আছে। চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

ডায়মণ্ড বেকারী
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ভ্যারাইটিজ পাউরুটি ও বিস্কুট
প্রস্তুতকারক

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৭ই ভাদ্র বুধবার, ১৩৯৩ সাল

## কারাগার কার আগার ?

'কারাগার' শব্দের সন্ধি বিচ্ছেদ 'কারা+আগার' রূপেই প্রচলিত। যদি ইহাকে 'কার+আগার' হিসাবে দাঁড় করান হয়, তবে 'কারাগার' শব্দও নিষ্পন্ন হয়। অবশ্য জোর করিয়া ইহা বলিলেও 'কার আগার'-এর মধ্যে একটি ব্যঞ্জনা লক্ষ্য করা যায়। এত কথা জঙ্গিপুর সাবজেল নামক কারাগারটি লক্ষ্য করিয়াই বলা হইতেছে।

প্রকাশিত প্রতিবেদন ( ২০ আগষ্ট জঙ্গিপুর সংবাদ ) দৃষ্টে নিশ্চয়ই বলা যায় যে, এই স্থানটি বিশিষ্ট আধুনিক জীবদের স্থান যাঁহারা মানুষকে পশু জ্ঞান করিয়া সেই-রকম আচরণ করিয়া থাকেন। কারাগারের কয়েদিরা সেই পশু এবং তাঁহাদের 'দেখ-ভাল' করেন যাঁহারা, তাঁহারাই বিশিষ্ট জীব। না, এই জীবেরা পশু নহেন, তবে কিনা যাঁহাদিগকে পশুজ্ঞান করা হইতেছে, তাঁহাদের সঙ্গে চলিতে গিয়া তদ্ভাবভাবিত হইতেছেন মাত্র।

এই শ্রেণীর জীব জেলের হাবিলদার, কারারক্ষী, জেলার প্রভৃতি। কারাপ্রাচীরের অন্তরালে ইঁহাদের অবাধ স্বাধীনতা। কয়েদিদের খাদ্য লইয়া এই স্বাধীনতা পরিমাণে কম দিয়া এবং নিকৃষ্ট মানের খাদ্য দিয়া ঠিকাদারের ( খাদ্য সরবরাহের ) হিসাবে বেশী পরিমাণ এবং ভাল খাদ্যদানের বিবরণ দেওয়া হয় ঠিকাদারের প্রার্থনায়—এই যা স্বাধীনতা। অবশ্য ঠিকাদার দেবতাদের অর্থাঞ্জলি দেন বলিয়া সংবাদ।

'জেল ভিজিটরস্' নাকি আজকাল এখানে আসেন না, আসিলে কয়েদিকুলের জন্য যে সুব্যবস্থা এখানে রহিয়াছে, তাহা দেখিতে পারিতেন। আবার কয়েদিদের জন্য যে খাদ্যব্যবস্থা অর্থাৎ 'ডায়েট', সে-খাতায় নাকি মাননীয় মহকুমা শাসক সহি দেন। কাগজে লিখিত ডায়েট এবং বাস্তব ডায়েট—এই দুইয়ে মিল রহিয়াছে কিনা, যদি আকস্মিক ভিজিট মাননীয় মহকুমা শাসক এক-আধবার দেন, ত কয়েদিরা বাঁচেন।

রুদ্ধকারার অন্তরালে যাহা ঘটে, সাধারণে তাহা জানিতে পারেন না; আর বাহিরে যাহা ঘটে তাহা নাকি সত্য নহে। মোট-কথা এখানকার সাবজেলের বহিরঙ্গ এবং অন্তরঙ্গ দুইটি রূপ আছে বলিয়া সকলের ধারণা। মাননীয় রাজ্য কারামন্ত্রী জেলের নানা প্রকার উন্নতি করিবার সদিচ্ছা রাখেন বলিয়া আমরা জানি। তিনি মুর্শিদাবাদের মানুষ। তাঁহার জেলায় এই মহকুমা জেলের অভ্যন্তরীণ চিত্র তিনি একটু দেখুন, জন-সাধারণ তাঁহাকে এই অনুরোধ করিতেছেন। কারাগার যদি আজ বাস্তুঘুঘুদের আগার হইয়া থাকে, তবে সে ঘুঘুকুলের বাসা ভাঙ্গিয়া দিতে হইবে।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### প্রধান শিক্ষক প্রহৃত প্রসঙ্গে

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক পত্রিকায় কিছুদিন পূর্বে 'প্রধান শিক্ষক প্রহৃত' শিরনামায় যে সংবাদ পরিবেশিত হ'য়েছে আমি তার প্রতিবাদ জানাচ্ছি। উক্ত তথ্যসমুহ সর্ব্বৈব মিথ্যা ও উদ্দেশ্য প্রণোদিত। তেঘরী গ্রামে তেঘরী নামের কোন হাইস্কুল নাই বা ছিল না। যে স্কুলটি আছে তার নাম খামড়া ( ভাবকী ) জুনিয়ার হাই স্কুল। কথিত মনোরঞ্জন সিংহ উক্ত স্কুলের প্রধান শিক্ষক। তাঁহাকে স্কুলচলাকালীন একদল যুবক কর্তৃক প্রহার করা বা তাহা আমার নেতৃত্বে ঘটা কোনটিই সত্য না। উক্ত সংবাদমত মহঃ ফুরকান সেখকে নিয়োগ সংবাদে আমার নাম জড়িত থাকাও সত্য নয় কারণ তিনি কলা বিভাগের আর আমি বিজ্ঞান বিভাগের প্রার্থী। অন্য কোন স্কুলে অর্গানাইজ শিক্ষক হিসাবে কিংবা দুটি স্কুলে একসঙ্গে আমার কাজ করাও সত্য ঘটনা নহে। এমন কি ঐ কারণে ডি, আই অফ স্কুলস্ এর নির্দেশে আমার বেতন বন্ধ হলে আমি হাইকোর্টের শরণাপন্ন হই এ সংবাদও সত্য না। সত্য ঘটনা আমি তেঘরীর খামড়া ( ভাবকী ) জুনিয়ার হাই স্কুলে শিক্ষক হিসাবে নিয়োগ পাওয়ার পর অকস্মাৎ ডি, আই এর এক আদেশে ঐ নিয়োগ বাতিল হয়। এই আদেশের বিরুদ্ধে আমি হাইকোর্টের শরণা-পন্ন হলে আমার অনুকূলে রায়দানে আমাকে ১০০০ টাকা ক্ষতিপূরণ দেবার আদেশ হয়। উক্ত রায়ের বিরুদ্ধে প্রধান শিক্ষক মনোরঞ্জন সিংহ ও অন্যান্যরা হাইকোর্টে পুনর্বিবেচনার জন্য আপীল করলেও আমার পক্ষে রায় দান হয়। সেই রায়ের বলে আমি হাজিরা দেবার অনুমতি চাইলে তা দেয়া হয় না! এই পরিস্থিতিতে একদিন সুযোগ মতো আমি হাজিরা খাতায় সহি করি। এতে প্রধান শিক্ষক আমাকে তাঁর দলের লোকদের সাহায্যে স্কুল হ'তে বার করতে এলে তাঁর সাথে আমার বচসা হয়।

প্রণয়কুমার সিংহরায়
রাজপুত-তেঘরী

[ পত্রলেখকের প্রতিবাদ পত্রটি দীর্ঘ এবং তাতে প্রধান শিক্ষক সম্বন্ধে অশালীন বহু শব্দ ব্যবহৃত হওয়ায় সেগুলি বাদ দিয়ে লেখকের বক্তব্যের সার অংশ তুলে দেওয়া হলো। এটুকু থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে লেখকের সাথে প্রধান শিক্ষকের বচসার সংবাদ সত্য, জোর করে না হলেও কৌশলে সহি করার ঘটনাও সত্য। আমাদের প্রচারিত সংবাদের সত্যতা তিনি অস্বীকার করলেও ঘটনা পরম্পরায় তা সত্য বলেই স্বীকার করে নিয়েছেন। —সম্পাদক ]

### মৌন মিছিল

রঘুনাথগঞ্জ ঃ গত ৩ আগষ্ট থেকে সারা রাজ্যে বিভিন্ন দাবী-দাওয়ার ভিত্তিতে ফেটোর লাগাতার আন্দোলন চলছে। তারই জের হিসেবে গত ৩ সেপ্টেম্বর স্থানীয় ফুলতলা থেকে ফেটোর একটি মৌন মিছিল শহর পরিক্রমা করে এবং এই আন্দোলনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন স্থানে বক্তব্য রাখা হয়।

### পুকুর বিক্রয়

রঘুনাথগঞ্জ থানার গদাইপুর গ্রামে প্রায় ১৩ বিঘার ১টি পুকুর ও সংলগ্ন জমি, তালগাছ বিক্রয় আছে। বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন—

নদাই ব্যানার্জী ও
মিন্টু মুখার্জী (মিলন)
ফাঁসিতলা, রঘুনাথগঞ্জ।

### বর্ষপূর্তি উৎসব

রঘুনাথগঞ্জ ঃ গত ২ সেপ্টেম্বর স্থানীয় অগ্নিফৌজ এ্যাথলেটিক ক্লাবের ২৮তম বর্ষ-পূর্তি উৎসব অনুষ্ঠিত হয়। সকালে জেলার ৫টি ক্লাবের প্যারেড প্রতিযোগিতায় বহরমপুর ইউনাইটেড ক্লাব ১ম, ফরাক্কা তরুণ তীর্থ ২য় এবং অগ্নিফৌজ ৩য় হয়। সন্ধ্যায় ক্লাব সভ্যরা ২৮টি মশালসহ শহর প্রদক্ষিণ করে এবং ক্লাব প্রাঙ্গণে একটি ক্রীড়া প্রদর্শনীর আয়োজন করা হয়।

## পথের ধারে বন চোর ডাকাতের ডেরা

রঘুনাথগঞ্জ : সম্প্রতি রাজানগর গ্রামের সমীর দাসের সাইকেল ছিনতাই হয়ে গেল আইলের উপর রাজানগর সড়কের মধ্যে থেকে। সমীর দাস ও তার বন্ধুদের উপর ছিনতাইকারীরা চড়াও হয় পার্শ্ববর্ত্তী বনসৃজন প্রকল্পের বন থেকে। সেই সাইকেল পরে উদ্ধার হলো আইলের উপরের শোভন মণ্ডলের বাড়ী থেকে। এই পথে এর পূর্বেও বহু ছিনতাই ও রাহাজানি হয়েছে। বনগুলি চোর ডাকাত, ছিনতাইকারীদের ডেরা ও আত্মগোপনের সুন্দর জায়গা হয়ে দাঁড়িয়েছে। ঘটনার তীব্রতায় কিছুদিন পূর্বে এই রাস্তায় পুলিশ ক্যাম্প বসানো হয়েছিল। তারফলে বেশ কিছুদিন এই ধরনের উপদ্রব বন্ধ ছিল। কিন্তু ক্যাম্প উঠে যাওয়ায় আবার ছিনতাইকারীরা মেতে উঠেছে। রাজানগর, নূতনগঞ্জ, মহম্মদপুর, রঘুনাথপুর, মালডোবা প্রভৃতি অঞ্চলের

### লোকদীপ প্রকল্প

রঘুনাথগঞ্জ : গত ২৩ আগষ্ট স্থানীয় বালিঘাটা পল্লীর ২৭টি দুঃস্থ পরিবারকে পঃ বঃ সরকারের লোকদীপ কর্মসূচী অনুযায়ী বিদ্যুৎ দেওয়া হয়। জেলা পরিষদের সভাধিপতি নির্মল মুখার্জী অনুষ্ঠানের উদ্বোধন করেন। মোট ১০৪টি পরিবার এই কর্মসূচীতে তালিকাভুক্ত হয়েছেন। আজ তারই প্রথম সূচনা। মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুরেই প্রথম এই প্রকল্প চালু করা হল। বর্ত্তমান আর্থিক বছরে জেলায় ১৭৫০টি পরিবারকে এই বিদ্যুৎ দেওয়া হবে। বিদ্যুতের জন্য পরিবার পিছু মাসিক পাঁচ টাকা ধার্য করা হয়েছে। বিদ্যুৎ নিতে অন্য কোন খরচ লাগবে না।

বহু মানুষ দৈনন্দিন জীবিকার তাগিদে এই রাস্তায় যাতায়াত করেন। তাঁদের নিরাপত্তার জন্য পুলিশ প্রশাসনের সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন রয়েছে। স্থানীয় প্রশাসন এ বিষয়ে ব্যবস্থা নিন এই দাবী গ্রামবাসীদের।

---

মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পর্ষতের অধীনে প্রাথমিক ও নিম্নবুনিয়াদী প্রাথমিক বিদ্যালয় সমূহের ছাত্র-ছাত্রীদের টিফিনের জন্য ৪৫০ গ্রাম ওজনের (সমান ছয় ভাগে বিভক্ত) টাটকা পাউরুটি সরবরাহের নিমিত্ত প্যানেল। তালিকা প্রস্তুতের জন্য অত্র জেলার বিভিন্ন প্রান্তের আর্থিক সংগতি পূর্ণ ও অভিজ্ঞতাসম্পন্ন বেকারীগুলির মধ্য থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

উক্ত আবেদনপত্র ১৬-৯-৮৬ তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর পর্ষৎ কার্যালয়ে অবশ্যই পৌঁছোতে হবে। নির্দ্ধারিত আবেদনপত্র পর্ষদ কার্য্যালয়ে প্রতি কার্য্যদিবসের বেলা ১১টা থেকে ২টা পর্য্যন্ত পাওয়া যাবে।

স্বাক্ষর : অরুণ ভট্টাচার্য্য
সভাপতি
তদর্থক কমিটি
জেলা বিদ্যালয় পর্ষৎ, মুর্শিদাবাদ

Memo No. 16 (6) S P N P Date 3-9-86

### পণপ্রথা বিরোধী সম্মেলন

রঘুনাথগঞ্জ : গত ২৪ আগষ্ট স্থানীয় বালিকা বিদ্যালয় গৃহে বিবেকানন্দ পাঠচক্রের উদ্যোগে পণপ্রথা বিরোধী এক সম্মেলন অনুষ্ঠিত হয়। নরেন্দ্রপুর লোকশিক্ষা পরিষদের পৃষ্ঠপোষকতায় সোসিও-লিগ্যাল এইড কমিটির উদ্যোগে মুর্শিদাবাদ জেলায় এই কমিটির কেন্দ্র খোলা হয়েছে। সেই কেন্দ্রে বিবেকানন্দ পাঠচক্রের সদস্য প্রশিক্ষণ নিয়েছেন। পণপ্রথা বিরোধী সম্মেলনে প্রধান অতিথি ছিলেন জঙ্গিপুরের এস ডি ও মিস রিন চেন টেম্পো। এবং পৌরোহিত্য করেন প্রবীণ নাগরিক ডাঃ রাধানাথ সরকার। সম্মেলনে বক্তব্য রাখেন অধ্যাপক কাশীনাথ ভকত, সুষমা চন্দ্র, বিশ্বপতি চ্যাটার্জী, মৃদুল ভট্টাচার্য্য, অধ্যাপক অমিতাভ রায়, এ্যাডভোকেট স্বাধীন সান্যাল, সুধীর বসু ও সোসিও-লিগ্যাল এইড কমিটির তরফে মানবেন্দ্র মণ্ডল প্রভৃতি। প্রত্যেক বক্তাই পণপ্রথার বিষময় পরিস্থিতি ব্যাখ্যা করে বলেন—শাস্ত্রসম্মত ও আইনগত উভয় বিবাহেই পণপ্রথার কোন উল্লেখ নেই, বরং পণ নেওয়া বা দেওয়া আইনত দণ্ডনীয়। এই কুপ্রথার শিকড় তুলে ফেলতে হবে সমাজের বুক থেকে। গড়ে তুলতে হবে সমাজ চেতনা।

### রাজীবের হাতে দেশ বিপন্ন

জঙ্গিপুর : গত ২৭ আগষ্ট জঙ্গিপুর পুরোনো বাসষ্ট্যাণ্ডে সি পি এমের জনসভায় উদ্বেগ প্রকাশ করা হয় যে, রাজীব গান্ধী দেশের স্বার্থ রক্ষা করতে ব্যর্থ হচ্ছেন ও দেশের সামনে অনিশ্চিত অন্ধকার ডেকে আনছেন। রাজীব প্রশাসনে জাতীয় অস্তিত্ব বিপন্ন। জাতীয় সংহতি দিবস এবং বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে জনগণকে সচেতন করার উদ্দেশ্যে ঐ দিন এক মিছিল শহর পরিক্রমা করে। জনসভায় দেশের সমস্ত শ্রেণীর জনগণকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি কমঃ এনামুল হক। অন্যান্য বক্তাদের মধ্যে কমঃ মৃগাঙ্ক ভট্টাচার্য্য এবং কমঃ গিয়াসুদ্দিন জাতীয় সংহতি অটুট রেখে সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে সোচ্চার হবার আহ্বান জানান। অনুষ্ঠান শেষে সমাপ্তি সংগীত পরিবেশন করেন গণনাট্যের জঙ্গিপুর শাখার শিল্পী গোপাল রায়।

### বর্ষপূর্তি উৎসব

রঘুনাথগঞ্জ : জীবন বীমার ৩০তম বর্ষপূর্তি উপলক্ষে গত ১ সেপ্টেম্বর স্থানীয় শাখা এক মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করেন। ৩০টি প্রদীপ জ্বেলে বিশেষ অতিথি মহকুমা শাসক রিন চেন টেম্পো অনুষ্ঠানের উদ্বোধন করেন। সভাপতিত্ব করেন পুরপিতা পরমেশ পাণ্ডে। উদ্বোধনী ভাষণে এ, কে, সেন শাখা প্রবন্ধক জীবন বীমার রঘুনাথগঞ্জ শাখা সম্পর্কে পূর্ব ও জাতীয়করণ পরবর্ত্তী অবস্থা বর্ণনা করেন। এবং এই শাখার উন্নতি ও অগ্রগতির কথা ব্যক্ত করেন। বর্ত্তমান অর্থ বৎসরে রঘুনাথগঞ্জ শাখার জন্য চার কোটি পঞ্চাশ লক্ষ টাকা ধার্য্য করা হয়েছে। উপস্থিত এজেন্ট ও উন্নয়ন আধিকারিকদের সেটা পূরণের আহ্বান জানান। প্রধান অতিথি ও সভাপতি তাঁদের ভাষণে জীবন বীমার সার্বিক অগ্রগতি ও জাতীয় উন্নয়নে তার গুরুত্বপূর্ণ ভূমিকার কথা আলোচনা করেন।

নিখুঁত টিভি
**প্যানোরামা**
এক বছরের গ্যারান্টিসহ
বিক্রেতা :
টেলিষ্টার ইলেকট্রনিক্স
রঘুনাথগঞ্জ, ফুলতলা, মুর্শিদাবাদ
বি দ্রঃ টিভি সারভিসিং করা হয়।

### ধানী জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ থানায় ঘোড়শালা মাঠে ১৮ বিঘা উৎকৃষ্ট ধানী জমি বিক্রয় আছে। যোগাযোগ করুন।
জঙ্গিপুর সংবাদ
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

ফ্রি সেলে নন লেভি এ সি সি সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
**ইউনাইটেড ট্রেডিং কোং**
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ১০৭, রঘু ২৭

## প্রধান শিক্ষক হাজতে

(১ম পৃষ্ঠার পর)

অগত্যা সহ-সভাপতি আলতাপ হোসেন সুতী থানায় অর্থ তছরূপের অভিযোগ দায়ের করেন। পুলিশ সমরেশ সেনকে গ্রেপ্তার করে কোর্টে চালান দেয় উল্লেখ্য, সমরেশবাবু এর পূর্বে এ, বি, টি, এর নেতা থাকাকালীন সমিতির প্রায় ৪৪ হাজার টাকার গড়মিল করে কলকাতা থেকে এখানে পালিয়ে আসেন। ছাবঘাটী স্কুলে দীর্ঘ ১৮ বৎসর তিনি প্রধান শিক্ষকের পদে আছেন। প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা ছাড়াও দুঃস্থ বিড়ি কারীগরদের ছেলে-দের পড়াশোনার জন্য সরকারী গ্র্যাণ্টের প্রায় ১৮ হাজার টাকারও কোন হিসেব পাওয়া যাচ্ছে না। আরোও প্রকাশ, প্রধান শিক্ষক শ্রীসেন বিদ্যা-লয়ের অর্থ সংক্রান্ত যাবতীয় কাজ তিনি নাকি নিজেই করতেন। শিক্ষক-দের কাছ থেকে জানা যায়—স্কুলের বিভিন্ন খাত থেকে যে টাকা আত্মসাৎ করা হয়েছে তার পরিমাণ প্রায় ৫ লক্ষ ২০ হাজার আরো জানা যায়—সমরেশ সেন স্কুলে যোগদান করার সময় কলকাতার যে স্থায়ী ঠিকানা দেন সেটাও নাকি ভুয়া।

## এম এল এ জড়িত

(১ম পৃষ্ঠার পর)

একজনকে গ্রেপ্তার করা হয়। আই এন টি ইউ সির জনৈক কর্মকর্তা জানান—স্থানীয় এম এল এ আবুল হাসনাৎ-এর নাম প্রধান আসামী হিসাবে থাকা সত্ত্বেও তাঁকে ধরা হয়নি। উভয়পক্ষের কর্মীদের সাথে কথাবার্ত্তা বলে জানা যায়, ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রে সমাজ-বিরোধীদের দৌরাত্ম্য এখন তুঙ্গে। বিদ্যুৎ কেন্দ্রের জন্য আনা কয়লা পর্য্যন্ত ফ্যাক্টরীতে ঢোকার আগেই পাচার হয়ে যাচ্ছে। ঠিকাদারদের কাছ থেকে ভয় দেখিয়ে তোলা আদায় করা হচ্ছে। ফ্যাক্টরীর ভিতরে ও বাইরে বোমাবাজি করে কর্মীদের ভয় দেখানো হচ্ছে। পুলিশ সবজেনেও নিস্ক্রিয় এ অভিযোগ উভয় পক্ষেরই। এই সমস্ত ঘটনাকে কেন্দ্র করেই দুটি ট্রেড ইউনিয়নের মধ্যে গণ্ডগোল ধূমায়িত হচ্ছিল। ২৬ আগষ্টের ঘটনা তারই বহিঃ প্রকাশ।

## জলের তলায়

(১ম পৃষ্ঠার পর)

ভাঙেনি। সরকারী ঢক্কা নিনাদ—চাষের উন্নতি, খরিফ ফসল ফলানো এসব ফাঁকা বুলি মনে হচ্ছে এই জলে ডোবা ফসলি জমির দিকে চেয়ে। বংশবাটী অঞ্চলের জনৈক শিক্ষক ক্ষোভের সঙ্গে জানালেন বুঝতে অক্ষম কোন অপরাধে আজ আমরা সর্বহারা। কেন উপায় থাকতেও তাঁদের জমি-গুলো জলের তলায় ডুবে থাকবে? লক গেট করার সঠিক দায়িত্ব কার—রাজ্য না কেন্দ্রিয় সরকারের? এ প্রশ্ন শুধু শিক্ষক ভদ্রলোকেরই নয়—আজ প্রতিটি দুর্ভাগা চাষী পরিবারের।


**দাস ব্যাটারী কোং**

প্রোঃ মদনমোহন দাস

ষ্টারেজ ব্যাটারী ও ব্যাটারী প্লেট প্রস্তুতকারক

(১৫ মাসের গ্যারান্টি দেওয়া হয়)

উমরপুর, পোঃ ঘোড়শালা;

জেলা মুর্শিদাবাদ

ফোন: আর জি জি ১৫৫



ফোনঃ ১১৫

'কলের প্রিয় এবং বাজারের সেরা

**ভারত বেকারীর শ্লাইজ ব্রেড**

মির্জাপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ



**যৌতুকে VIP**

**সকল অনুষ্ঠানে VIP**

**ভ্রমণের সাথে VIP**

**এর জুড়ি কি আর আছে!**

সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের

VIP সেন্টারে

এজেন্ট

প্রভাত ষ্টোর দুলুর দোকান

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


১২৫তম রবীন্দ্র জন্ম জয়ন্তী উপলক্ষ্যে রঘুনাথগঞ্জ ১নং ব্লকের সাংস্কৃতিক প্রতিযোগিতা আগামী ২৬শে—২৮শে সেপ্টেম্বর '৮৬ শিবরাম স্মৃতি পাঠাগার প্রাঙ্গণে (মির্জাপুর) অনুষ্ঠিত হবে। নাম জমা দেবার শেষদিন ১৬ই সেপ্টেম্বর। বিস্তারিত বিবরণের জন্য রঘুনাথগঞ্জ-১নং ব্লক যুব অফিস (বাগানবাড়ী) এ যোগাযোগ করুন।

## পুনর্বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ শহরাঞ্চলস্থিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের পুষ্টি প্রকল্পের জন্য পাউরুটি সরবরাহের 'দরপত্র' গ্রহণের বিজ্ঞপ্তি।

মুর্শিদাবাদ জেলা পরিদর্শক (প্রাঃ শিঃ), মুর্শিদাবাদ অধীনের পৌর এলাকায় অবস্থিত—প্রাথমিক বিদ্যালয় গুলিতে ছাত্র ছাত্রীদের দ্বিপ্রাহরিক আহারের নিমিত্ত মোট ৪৫০ গ্রাম ওজনের (৭৫ গ্রাম ৬টি সমান খণ্ডে বিভক্ত) রুটি সরবরাহ করার জন্য প্রতিটি বেকারী সমূহের নিকট হতে গালা মোহর করা খামে 'দরপত্র' আহ্বান করা হচ্ছে।

আগ্রহী ব্যক্তিবর্গ ৬-৯-৮৬ তারিখ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারী অফিসে (শনিবার বাদে) অন্য সমস্ত কাজের দিন বেলা ২টা থেকে ৪টা পর্যন্ত বিশদ নিয়মাবলী ও দরপত্রের নির্দ্ধারিত ফর্মের জন্য যোগাযোগ করতে পারেন।

'দরপত্র' সরাসরি রেজিষ্টার্ড খামে এ-ডি অর্থাৎ একনোলেজমেণ্ট কার্ড সহ ১১-৯-৮৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছান চাই। উক্ত দিনের মধ্যে যদি কোন দরপত্র আসিয়া না পৌঁছায় তাহা গণ্য বলিয়া বিবেচিত হইবে না।

বিবেচিত 'দরপত্র' ১৬-৯-৮৬ তারিখে বৈকাল ৪ ঘটিকায় সংশ্লিষ্ট বেকারীদের উপস্থিতিতে দরপত্র খোলা হবে। সর্বনিম্ন 'দরপত্র' গ্রহণে এই অফিস বাধ্য নাও থাকতে পারে। প্রয়োজনে কোন কারণ না দেখিয়ে যে কোন বা সকল 'দরপত্র' অগ্রাহ্য করিবার অধিকার নিম্নস্বাক্ষরকারীর রহিল।

সুদর্শন বিশ্বাস

জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাঃ শিঃ)

মুর্শিদাবাদ

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ


**বসন্ত মালতী**

**রূপ প্রসাধনে অপরিহার্য**

**সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড**

কলিকাতা ॥ নিউ দিল্লী







রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।